

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ৩৮. কেউ জিজ্ঞাসা করেননি? নাকি করেছিলেন?

ইউহোন্না/ যোহন ১৬ অধ্যায়ে লেখেছেন যে, যীশু শিষ্যদেরকে শেষ উপদেশের মধ্যে বলেন: 'কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন, তাঁর কাছে এখন যাচ্ছি, আর তোমাদের মধ্যে কেউ আমাকে জিজ্ঞাসা করে না, কোথায় যাচ্ছেন?'' (ইউহোন্না ১৬/৫, মো.-১৩)

এর বিপরীতে ইউহোরা ১৩ ও ১৪ অধ্যায়ে লেখেছেন যে, পিতর ও থোমা তাঁকে জিজ্ঞাসা করেছিলেন, 'প্রভু, আপনি কোথায় যাচ্ছেন?': "আর আমি যেমন ইহুদীদেরকে বলেছিলাম। 'আমি যেখানে যাচ্ছি, সেখানে তোমরা যেতে পার না,' তেমনি তোমাদেরকেও এখন তা-ই বলছি। ... শিমোন পিতর তাঁকে বললেন, প্রভু আপনি কোথায় যাচ্ছেন? (১৩/৩৩, ৩৬) এরপর থোমা তাঁকে একই কথা জিজ্ঞাসা করেন: "আর আমি যেখানে যাচ্ছি, তোমরা তার পথ জান। থোমা তাঁকে বললেন, প্রভু, আপনি কোথায় যাচ্ছেন, তা আমরা জানি না, পথ কিসে জানবো?" (১৪/৪-৫, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14034

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন